# স্কাইওয়ে এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস এজেন্সী নিবন্ধন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর আদেশনামা

আপীল নং-১২২/২০২১

তারিখঃ ২৮/১২/২০২১

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ২৩/০১/২০২২ | অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারীর প্রতিনিধি জনাব আবু নোমান মুহাম্মদ রাশেদুল হাসান, ম্যানেজার, স্কাইওয়ে এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস, ৬৫/২/১, পুরানা পল্টন (৩য় তলা), বক্স কালভার্ট রোড, ঢাকা হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। যা রেকর্ড করা হলো। আপীলকারীর প্রতিনিধি জানান যে, তদন্তকারী কর্মকর্তার তথ্য অনুযায়ী তাঁর ট্রাভেল এজেন্সীর সনদপত্র মোতাবেক অফিস না থাকা, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র না থাকা ও বাৎসরিক ৫০ লক্ষ টাকা হিসাবে বিক্রয় বিবরণী ২০১৮ ও ২০১৯ সাল সঠিক থাকলে, ২০২০ সালের বিক্রয় বিবরণী না থাকার কারণে ১৭/১১/২০২১ তারিখে নিবন্ধন কর্মকর্তা কর্তৃক নিবন্ধন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২৮/১২/২০২১ তারিখে ১২২/২০২১ নং আপীল দায়ের করেন। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। তিনি বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন।<br><br>**বিচার্য বিষয়াবলী:**<br><br>(ক) আপিলকারী বর্ণিত যথাসময়ে নিবন্ধনের জন্য সঠিক কাগজপত্রদি দিয়ে দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?<br>(খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গ কিনা এবং আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?<br><br>**আপিলকারীর বক্তব্যে :**<br><br>(ক) শুনানীর সময় এজেন্সীর মালিকের প্রতিনিধি জানান যে, নবায়নের আবেদন দাখিলের সময় মোবাইল নম্বরটি ভুলক্রমে অন্য নম্বরটি দেওয়া হয়েছে। হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং অফিস ভাড়ার চুক্তিপত্র অনুযায়ী অফিস ৬৫/২/১, পুরানা পল্টন (৩য় তলা) রয়েছে। হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র ও ২০২০ সালের বিক্রয়বিবরণী সঠিক রয়েছে। এছাড়া আপীলকারীর প্রতিনিধি নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি হালনাগাদ ট্রেড লাইসেন্স, ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ প্রদর্শন/দাখিল করেন।<br><br>**পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :**<br><br>আপীলকারী বক্তব্যে পর্যালোচনা করে জানা যায় যে, স্কাইওয়ে এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস, এজেন্সীটির নবায়নের জন্য গত ২৫/০৮/২০২১ তারিখে আবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তার তথ্য অনুযায়ী তাঁর ট্রাভেল এজেন্সীর সনদপত্র মোতাবেক অফিস না থাকা, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র না থাকা ও বাৎসরিক ৫০ লক্ষ টাকা হিসাবে বিক্রয় বিবরণী ২০১৮ ও ২০১৯ সাল সঠিক থাকলে, ২০২০ সালের বিক্রয় বিবরণী না থাকার কারণে " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ৫(১) ধারায় এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর ৩(১) বিধি অনুসারে এজেন্সীটি ১৭/১১/২০২১ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক আবেদনটি বাতিল করা হয়। আপীলকারী নিবন্ধন আবেদন বাতিলাদেশের বিরুদ্ধে যে যুক্তি প্রদর্শন করেন তা হলো, বর্তমানে আপীলকারী হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র ও ২০২০ সালের বিক্রয় বিবরণী কাগজপত্রাদি সঠিক থাকায় আপীলকারীর বক্তব্যে গ্রহণ করা হলো।<br><br>(খ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ ছিল। তবে হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র ও ২০২০ সালের বিক্রয় বিবরণী বিষয়ে আবেদনকারীর উল্লেখযোগ্য বক্তব্যে সন্তোষজনক হওয়ায় আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার। অতএব আদেশ হলো যে; | |

অ:পৃ:দ্র:

## আদেশ

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং " বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১(২) এর বিধান অনুযায়ী ১২২/২০২১ নং আপীল আবেদনটি "মঞ্জুর" পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ১৭/১১/২০২১ তারিখের নিবন্ধন আবেদন বাতিলাদেশ রহিত করা হলো। সার্বিক বিবেচনায় স্কাইওয়ে এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস এজেন্সীটি নিবন্ধন সনদ প্রদানের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-২৩/০১/২০২২
এ.এইচ.এম. গোলাম কিবরিয়া
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
<u>অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষে এর দপ্তর</u>

নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.১২২.২০২১-৭২ তারিখ: ২৫/০১/২০২২

সদয় অবগতি ও পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৪) যুগ্ম-সচিব(নিবন্ধন কর্তৃপক্ষ),বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, ঢাকা।
৬) উপসচিব(পর্যটন-৩, রুটিন দায়িত্ব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----------------------------------
১৩) জনাব মো: আখতার হোসেন, স্বত্ত্বাধিকারী, স্কাইওয়ে এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস, ৬৫/২/১, পুরানা পল্টন (৩য় তলা), বক্স কালভার্ট রোড, ঢাকা।

২৫/০১/২০২২
(শ্যামলী নবী)
উপসচিব
পর্যটন-৩ শাখা (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd